

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

নং পরীক্ষা / সিই- ৭৫০ (২০)

তারিখ : ০২/০৬/২০২০

বিভাগীয় প্রধান/পরিচালক

দ্বি-বিভাগ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।


জনাব,

স্নাতকোত্তর পর্যায়ে ছাত্র-ছাত্রীদের থিসিস/প্রজেক্ট মৌখিক পরীক্ষা অনুষ্ঠানের জন্য তারিখ ও সময় জানিয়ে পরীক্ষক বোর্ডের সম্মানিত সদস্যগণকে চিঠি দেওয়ার বিষয়ে বিভাগ/ইন্সটিটিউট কর্তৃক পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে নোট প্রেরণ করা হয়ে থাকে। পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের কাজের সুবিধার্থে ও পরীক্ষক বোর্ডের সম্মানিত সদস্যগণকে পর্যাপ্ত সময় পূর্বে চিঠি পৌঁছানোর নিমিত্তে বিভাগ/ইন্সটিটিউট হতে প্রেরিত নোটটি নূন্যতম সাতদিন পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ জানিয়ে ইতিপূর্বে একাধিকবার চিঠি প্রদান করা হয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন বিভাগ/ইন্সটিটিউট কর্তৃক ছাত্রের পরীক্ষা অনুষ্ঠানের আগের দিন বিকেল বেলা পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে নোট প্রেরণ করা হয়ে থাকে। এতে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের আন্তরিক ইচ্ছা থাকা সত্ত্বেও শিক্ষার্থীর পরীক্ষা দেওয়ার যোগ্যতা যাচাই এর কাজ সম্পন্ন করে পরীক্ষক বোর্ডের সম্মানিত সদস্যগণকে যথাযথ সময়ের মধ্যে চিঠি পৌঁছানো সম্ভবপর হয় না।

এ ধরনের সমস্যা সমাধানের লক্ষ্যে আপনার বিভাগ/ইন্সটিটিউট হতে প্রেরিত নোটটি নূন্যতম তিন কার্য দিবস পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করছি।

উল্লেখ্য যে, বিভাগ হতে প্রেরিত নোটের সাথে ছাত্র/ছাত্রীর Board of Examiners, Time Extension (যদি থাকে) এবং গত ১১/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত ৩১২তম CASR সভার সিদ্ধান্ত অনুযায়ী Board of Examiners-এ সদস্যগণের সংখ্যানুযায়ী CASR কর্তৃক অনুমোদিত Thesis Proposal এর কপিও প্রয়োজন।

এ ব্যাপারে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।



(ডঃ কাজী দীন মোহাম্মদ খসরু)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, ইইই বিভাগ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

Widuddin R

Email To all teachers